
X 2000 I 1621

500 Rs.




Admissible Under Rule 21 duly Stamped under the I. S. Act 1899 as amended by Act. III of 1922 & by Sec 82 (1) of the Calcutta Improvement Act, 1911 ........ 240 Rs.

Stamp duty [illegible] Under the I. S. Act, 1899 as amended by Act III of 1922 Schedule [illegible] ........ 23

Additional duty Paid Under the C. I. Act. 320/-

Paid in excess ........

Total ....... (in figure & in words) ........ 560/-

A 66/-
1/-
67/-

Sub-Registrar ... Sealdah
11-7-60

১৬০০০ ষোল হাজার টাকা পণের সাফ বিক্রয় কোবালা ।

কোবালা গ্রহিতা

শ্রী হরজিৎ কুমার মিত্র
পিতা মৃত পঞ্চানন মিত্র
জাতি হিন্দু পেশা চাকুরী
হাল সাং ২০এ , লোয়ার রেঞ্জ
থানা বেনেপুকুর , জেলা ২৪ পরগনা
কলিকাতা ১৭ ।

কোবালা দাতা

শ্রী হেম চন্দ্র নস্কর
পিতা ৺ রামকৃষ্ণ নস্কর
জাতি হিন্দু পৌণ্ড্রক্ষত্রিয়, পেশা পশ্চিম
বঙ্গ রাজ্য সরকারের মন্ত্রী , সাকিম
৭২ নং বেলেঘাটা মেন রোড ,
থানা বেলেঘাটা, জেলা ২৪ পরগনা
কলিকাতা ১০ ।

কস্য নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যঞ্চাগে , জেলা ২৪

2248

Harajit Kumar Mitra

20 A, Lower Range Flat No 1

District Collectorate, Treasury.

20.6.1960

Chinta Haran Bhattacharjee

Executant is ... the

Chinta Haran Bhatta Cherjee

Son of Lt Peary mohan Bhatta Cherjee

of 72 Beleghata main Road

Thana Beleghata

District. 24-Pargaanas.

by Caste Hindu

by Profession Service

Agent for Hem Chandra Naskar under a power of attorney no 722 of 1950 authenticated by the S.R. of Sealdah.

Chinta Haran Bhattacharjee

Agent for Sri Hem Chandra Naskar

Identified by

Nagendra Nath Ghose

Pleader ... Court

Son of

of

Thana

District 24-Parganas.

by Caste

by Profession

Nagendranath Ghose

1C 500/-
1C 60/-
560/-

Presented for registration at 11 A.M. on the 11th day of July 1960 at the Sealdah Sub-Registry Office by Chinta Haran Bhattacharjee in capacity of the executant/attorney of Hem Chandra Naskar, agent of ... under power of attorney No. 722 of 1950 authenticated by the Sub Registrar of Sealdah

H. K. ...

Sub-Registrar of Sealdah

11-7-60.

T.D. dispensed with

H. K. ...

S.R. 11-7-60.

H. K. ...

Sub-Registrar

11-7-60.

60Rs.

साठ रुपया

भारत INDIA

SIXTY RUPEES

60RS



Hemchandra Naskar

জেলা ২৪ পরগনা থানা বেলেঘাটা সাবরেজেষ্টারি শিয়ালদহের এলেকাধিন মৌজা শুঁড়া গ্রামে গভর্ণমেন্ট খাস মহাল ২৮৩৩ নং তৌজি ভুক্ত ডিহি ৫৫ গ্রাম সংক্রান্ত ৩ ডিভিশান ৯ সাবডিভিশান ৮৯ নং নিস্কর হোলডিং ভুক্ত কলিকাতা করপোরেশনের ৬৯ নং শুঁড়া ফাষ্ট লেন প্রেমিসেস স্থিত কমবেশী ৫।৪ পাঁচ বিঘা নয় কাঠা নিস্কর জমি ডাক নাম পালের বাগান নামে খ্যাত সমুদায় সম্পত্তি আমার ভ্রাতুষ্পুত্র শ্রীমান নরেন্দ্র শেখর নস্কর কালেক্টারি ও করপোরেশনে নিজ নাম জারি করিয়া ভোগবান ও দখলিকার ছিল। পরে উক্ত নরেন্দ্র উক্ত জমির মধ্যে দক্ষিণ পশ্চিম কোনে অবস্থিত ।।০ দশ কাঠা জমি বেলেঘাটা দেশবন্ধু হাই স্কুলের পক্ষে উক্ত বিদ্যালয়ের সেক্রেটারীর নাম বরাবর এককেতা দান পত্র সম্পাদন করিয়া দখল দেয় এবং উক্ত জমির উপর উক্ত বিদ্যালয়ের ইমারত বাড়ী নির্মিত হইয়াছে। উক্ত বিদ্যালয় বাড়ীর লাগোয়া উত্তর পার্শ্বে অবস্থিত লাল রং এ রঞ্জিত ।।০ দশ কাঠা জমি তদনন্তর উক্ত নরেন্দ্র শেখর নস্কর ও আমি স্বয়ং একটি কলেজ আমার স্বর্গীয় পিতা মাতার নামে অর্থাৎ "বেলেঘাটা রামকৃষ্ণ সৌদামিনী কলেজ" এই নামে প্রতিষ্ঠা করিতে ইচ্ছুক হইয়া তদউদ্দেশ্যে উক্ত প্রস্তাবিত কলেজ পক্ষে উদ্যোগী সেক্রেটারী

সেক্রেটারী শ্রী প্রিয় নাথ গঙ্গোপাধ্যায় মহাশয়ের নাম বরাবর এক কেতা দান পত্র দলিল ইং ১৯৫৫ সালের ২০ শে এপ্রিল তারিখে উক্ত নবেন্দু শেখর নস্কর সম্পাদন করিয়া যান। কিন্তু তৎকালে বা কস্মিন কালেও উক্ত রূপ কোনও কলেজ স্থাপিত ও প্রতিষ্ঠিত না হওয়ায় বা উহার কোন অস্তিত্ব না থাকায় উক্ত দান পত্র মূলে উক্ত সম্পত্তিতে কোন দখল দেওয়া হয় নাই বা কেহই দখল লয় নাই। উক্ত দান পত্রের অব্যবহিত পরে এতদঞ্চলে "গুরুদাস কলেজ" নামে স্পনসারড স্থাপিত হইয়া তাহার সুবিশাল কলেজ বাটী নির্ম্মিত হইয়াছে। তাহাতে এতদঞ্চলের কলেজের অভাব পূরণ হইয়াছে এবং আমার ভ্রাতুষ্পুত্র নবেন্দু শেখর নস্কর ও আমি স্বয়ং ও উক্ত প্রস্তাবিত "বেলেঘাটা রামকৃষ্ণ সৌদামিনী কলেজ" এর উদ্যোক্তাগন - আমি স্বয়ং যাহাদের সভাপতি ছিলাম এবং শ্রীযুত প্রিয়নাথ গঙ্গোপাধ্যায় সেক্রেটারী ছিলেন - উক্ত কলেজ করিবার স্কীম পরিত্যাগ করিয়াছি এবং উক্ত দান পত্রের লিখিত জমি বরাবরই উক্ত নবেন্দু শেখর নস্করের দখলেই ছিল এবং উক্ত দান পত্র কোন কার্য্যকারী হয় নাই। উপরোক্ত ১৯৫৫ সালের ২০ শে এপ্রিল তারিখের প্রস্তাবিত কলেজের নামীয় দান পত্র দলিলে এরূপ সর্ত্ত আছে যে, যদ্যপি কোন কারণে উক্ত কলেজ স্থাপিত না হয় তবে এই দান পত্র নাকচ ও বাতিল বলিয়া গন্য হইবে এবং নবেন্দু শেখর নস্করের সমূহ স্বত্ব প্রবল ও বলবত থাকিয়া তাহার নিজ সম্পত্তি গন্যে সে স্বয়ং ও ওয়ারিশানগনক্রমে উহাতে মালিক দখলিকার থাকিবে। এমত অবস্থায় বেলেঘাটা রামকৃষ্ণ সৌদামিনী কলেজ স্থাপিত না হওয়ায় উক্ত সম্পত্তির মালিক দখলকার আমার উক্ত ভ্রাতুষ্পুত্র শ্রী নবেন্দু শেখর নস্কর পূর্ব্বাপর ছিল। গত ১৯৫৫ সালের ২০ শে এপ্রিল তারিখের এককেতা রেজেষ্টারি কৃত এওয়াজ বদল বা

Hemchandra Naskar

বা ডিড অফ এক্সচেঞ্জ মূলে উপরোক্ত সম্পত্তি উক্ত সরেস ঘোষ নস্কর আমাকে দেয় – যাহা শিয়ালদহ সাবরেজেষ্ট্রারি আফিসের ১ নং বহির ২৩ নং ভলুমের ১২৮ পাতায় ১৯৫৫ সালের ৮৬৪ নং দলিল হইয়াছে এবং তৎপরিবর্ত্তে সে আমার নিকট হইতে বেলেঘাটা মেন রোডস্থিত মণ্ডের বাগান নামক সম্পত্তির আমার অংশ গ্রহণ করে । এমত অবস্থায় উক্ত ৬৯ নং পুঁড়া ফার্স্ট লেন স্থিত সম্পত্তি উক্ত এওয়াজ বদল দলিলের তারিখ হইতে আমি স্বত্ব মালিক দখলিকার হইয়াছি এবং সরেশের তাহাতে কোন স্বত্ব দখল নাই এবং এই জমিতে আমি অন্যের নিরংশে নির্ব্যূঢ় স্বত্বে স্বত্ব দখলিকার আছি । এক্ষণে দলিল গ্রহিতা তোমার বসবাস করিবার নিমিত্ত বাড়ী করার মনস্থ করিয়া আমার নিকট নিম্ন তপশিল বর্ণিত ও চৌহদ্দিস্থিত কমবেশী /৪।/১৪ চারি কাঠা সাত ছটাক ষোল স্কোয়ার ফিট জমি যাহা অত্র সহ দাখিলী নকসায় লাল রং এর দ্বারা চিহ্নিত করিয়া দেখান হইয়াছে – উক্ত জমি মায় তদুপরিস্থিত পুরাতন ইমারত বাটী ক্রয় করিতে ইচ্ছুক হওয়ায় ও প্রস্তাব করায় তুমি আমার বিশেষ স্নেহের পাত্র বিধায় তোমার প্রার্থনা মত অত্র সাফ কোবালা মূলে উক্ত জমি ও বাড়ী তোমাকে ১৬০০০ ষোল হাজার টাকা মূল্যে বিক্রয় করিয়া উহা হইতে চিরতরে নিঃস্বত্ব হইলাম । উক্ত সম্পত্তিতে আমার যে স্বত্ব সামিল দাবি দাওয়া লাভ লভ্য এক হকিয়ৎ প্রভৃতি ছিল তৎসমুদায় লোপ পাইয়া তোমাতে বর্ত্তিল । তুমি উক্ত সম্পত্তিতে আমার স্বত্বে স্বত্ববান হইয়া পুত্র পৌত্রাদি ওয়ারিশান ও স্থলাভিষিক্তগনক্রমে যদিচ্ছা মত পরম সুখে যথাযোগ্য স্থানে – তোমার নাম পত্তন করিয়া ভোগদখল করিতে থাক তাহাতে কাহারও কোনও ওজর আপত্তি দাবী দাওয়া রহিল না বা থাকিবে না বা করিলেও তাহা সর্ব্ব ও সর্ব্বতোভাবে বাতিল ও নামঞ্জুর হইবে

প্রকাশ থাকে যে , বিক্রীত সম্পত্তি দান বিক্রয়াদি দ্বারা কোনও প্রকারে হস্তান্তরিত বা দায়াবদ্ধ অবস্থায় নাই , উহা আমার হস্তান্তর করিবার পূর্ণ স্বত্বাধিকার আছে এবং সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ অবস্থায় আছে এবং তদবস্থায় উহা তোমাকে বিক্রয় করিয়া নিঃস্বত্ব ও দখলচ্যুত হইলাম । বিক্রীত সম্পত্তির স্বত্বের দলিলাদি সমস্ত আমার নিকট রহিল তোমার আবশ্যক বোধে তুমি উহা ইনেসপেকসান পাইবে ।

এতদর্থে সুস্থ শরীরে স্বেচ্ছায় সজ্ঞানে সরল মনে অন্যের বিনানুরোধে অত্র দলিল পাঠ করিয়া সম্যক অবগত হইয়া সহি সম্পাদন করিয়া দিলাম । ইতি সন ১৩৬৭ সালের ২৭শে আষাঢ় ইং ১৯৬০ সালের ১১ই জুলাই ।

তপশিল বিক্রীত সম্পত্তি ।

জেলা ২৪ পরগনা থানা বেলেঘাটা সাবরেজেষ্টারি শিয়ালদহের এলেকাধিন ২৪ পরগনা কালেকটারির ২৮৩৩ নং তৌজি ভুক্ত ডিহি ৫৫ গ্রাম সংক্রান্ত ৩ ডিভিসান ৯ সাবডিভিসান ৮৯ নং নিস্কর হোলডিং ভুক্ত কলিকাতা করপোরেশনের ৬৯ নং শুড়া ফার্ষ্ট লেন প্রেমিসেস স্থিত কমবেশী /৪।/১৪ চারি কাঠা সাত ছটাক চৌদ্দ স্কোয়ার ফিট বাস্তু জমি যাহা অত্র সহ দাখিলী নকসায় লাল রং এর দ্বারা রঞ্জিত করিয়া দেখান হইল উক্ত জমি সহ তদুপরিস্থিত পুরাতন ইষ্টক নির্ম্মিত ইমারত বাটী সহ উহার যাবতীয় স্বত্বাদি ও ইজমেন্ট স্বত্বাদি সহ পথ স্বত্বাদি সহ বাহির আওতাদি দরুবস্তু হক হকুক সম্পত্তি , যাহা বর্ত্তমানে কলিকাতা করপোরেশনের ৬৯ নং অবিনাশ চন্দ্র ব্যানার্জ্জি লেন নামে অভিহিত ও পরিচিত হইতেছে ।

উহার চৌহদ্দি :-

উত্তর -- কলিকাতা করপোরেশনের ড্রেণ ।

THE SEAL OF THE SUB REGISTRAR OF SEALDAH
24 PARGANAS.

11-7-60.

Sub-Registrar of Sealdah

Hem Chandra Naskar

পূর্ব্ব -- আংশিক ২০' কুড়ি ফুট কমন প্যাসেজ ও আংশিক আমার নিজের টালির ঘর ও একতলা বাড়ী।

দক্ষিণ -- আমার খাস খালি জমি।

পশ্চিম -- কলিকাতা কর্পোরেশনের নর্দমা।

টাকার জায়।

ইতি পূর্ব্বে বিভিন্ন তারিখে পণের অন্দরে অগ্রিম লওয়া - ৩০০০ টাকা

অদ্য তারিখে আমার বরাবর রেজেষ্টারি প্রথম বন্ধকী কর্জ্জ খত দলিল দ্বারা ------------- ১৩০০০ টাকা।

মোট -- ১৬০০০ টাকা মাত্র।

মোট ষোল হাজার টাকা মাত্র।

সাক্ষীগন

শ্রী বসন্ত দাস রায়
৭২ নং বেলেঘাটা মেন রোড
কলিকাতা ১০।

Nagendranath Ghosh
Pleader
Civil Court
Sealdah

টাইপকারক

শিয়ালদহ সিভিল কোর্ট
কলিকাতা।

Book No. I
Volume No. 43
Pages 2.. to ..3
Being No. 1621
For the Year 1960

THE SEAL OF THE SUB REGISTRAR OF SEALDAH 24 PARGANAS

11-7-60
Sub-Registrar of Sealdah

THE SEAL OF THE SUB REGISTRAR OF SEALDAH DIST. 24 PARGANAS

Sub-Registrar of Sealdah
13. 7. 60

# PLAN SHOWING THE LAND OF

## PLOT No. 15.

## AT No. 69, ABINASH CH: BANERJEE LANE.

Scale:- 1 inch = 50 feet.

NOTE:-

LAND FOR SALE SHOWN THUS.---

